

সংগ্রহ শাখা, প্রশাসন বিভাগ, গাজীপুর-১৭০৫।  
Procurement Section, Administration Division  
Gazipur-1705.



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়  
Bangladesh Open University

বাউবি/প্রশা(ক্রয়)-১৪(৯৩)/২০০৯-২০১০/পার্ট-০১/২২০৩

তারিখ : ১১ বৈশাখ, ১৪৩১ বঙ্গাব্দ  
২৪ এপ্রিল, ২০২৪ খ্রীষ্টাব্দ

**পরীক্ষা বিভাগের বিভিন্ন ধরনের পুরাতন কাগজপত্র বিক্রয়ের উন্মুক্ত নিলাম দরপত্র বিজ্ঞপ্তি**

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি)-এর পরীক্ষা বিভাগের নিম্নোক্ত বিভিন্ন ধরনের পুরাতন কাগজপত্রসমূহ উন্মুক্ত নিলাম দরপত্রের মাধ্যমে 'যেখানে যে অবস্থায় আছে' সে অবস্থায় বিক্রয়ের জন্য অত্র বিজ্ঞাপনের শর্তানুযায়ী অগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট থেকে সাদা কাগজে/নিজস্ব লেটার হেড প্যাডে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে। দরপত্রের সাথে জামানত বাবদ 'বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, গাজীপুর'-এর অনুকূলে উদ্ধৃত মূল্যের ২৫% (শতকরা পঁচিশ) টাকা (তফসিলি ব্যাংক থেকে গৃহীত পে-অর্ডার/ডিমাড ড্রাফট আকারে) সংযুক্ত করতে হবে, অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে। অগ্রহী দরদাতা ব্যক্তি/প্রতিষ্ঠান প্রয়োজনে বাউবির পরীক্ষা বিভাগে রক্ষিত পুরাতন কাগজপত্রসমূহ পরিদর্শন করতে পারবেন।

**পরীক্ষা বিভাগের পুরাতন কাগজপত্রের বিবরণ :**


| ক্রম. | মালামালের বিবরণ  | মালামালের পরিমাণ<br>(±)          | মালামাল পরিদর্শনের স্থান এবং<br>বিক্রয়াদেশপ্রাপ্ত প্রতিষ্ঠান কর্তৃক মালামাল<br>গ্রহণের স্থান |
|-------|--|----------------------------------|---|
| ১.    | পুরাতন উত্তরপত্র   | ৩০ মেট্রিক টন (ত্রিশ হাজার কেজি) | পরীক্ষা বিভাগ, বাউবি, গাজীপুর-<br>১৭০৫।   |
| ২.    | বিভিন্ন প্রকারের OMR Sheet   | ১২ মেট্রিক টন (বার হাজার কেজি)   |   |
| ৩.    | প্রশ্নপত্র (ফয়েল পেপার খাম সীলকৃত),<br>আবেদনপত্র ও হেঁড়া কাগজ, পুরাতন<br>করোগেটেড কার্টন/বোড ইত্যাদি | ১৫ মেট্রিক টন (পনেরো হাজার কেজি) |   |

অফেরৎযোগ্য ১,০০০.০০ (এক হাজার মাত্র) টাকার বিনিময়ে এতদসংক্রান্ত দরপত্র সিডিউল বাউবির গাজীপুরস্থ অর্থ ও হিসাব বিভাগের ক্যাশ শাখা হতে সংগ্রহ করা যাবে। দরপত্র সিডিউল ০৭/৫/২০২৪ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে ক্রয় করা যাবে। এতদসংক্রান্ত মালামালসমূহের বিস্তারিত বিবরণ সিডিউলে পাওয়া যাবে।

দরপত্রসমূহ বাউবির গাজীপুরস্থ ট্রেজারার মহোদয়ের দপ্তরে রক্ষিত দরপত্র বাস্তব আগামী ০৮/৫/২০২৪ তারিখ দুপুর ০২:০০ টা পর্যন্ত গ্রহণ করা হবে এবং একই দিন ০২:১৫ মিনিটে দাখিল/গ্রহণের স্থানে উপস্থিত দরদাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খেলা হবে।

সকল দরদাতাকে কার্যদেশ/বিক্রয়াদেশ পাওয়ার ১০(দশ) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% অর্থ ও সরকারী আইন/বিধি মোতাবেক নিলাম পণ্যের ক্রেতাকে উৎসে কর ও ভ্যাট প্রদানপূর্বক মালামাল গ্রহণ করতে হবে। অন্যথায় জামানত বাজেয়াপ্তপূর্বক দরপত্র বাতিল করা হবে। দরপত্রের মেয়াদ ৯০(নব্বই) দিন বহাল থাকবে।

বাউবি কর্তৃপক্ষ যে কোন-কোন দরপত্র কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে গ্রহণ/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

  
(মোহাম্মদ ছালাউদ্দীন ভূঁইয়া)

যুগ্ম-পরিচালক (সংগ্রহ)  
সংগ্রহ শাখা, প্রশাসন বিভাগ  
বাউবি, গাজীপুর-১৭০৫।  
টেলিফোন নম্বর : ০৯৬৬৬৭৩০৭৩০  
আইপি এক্সঃ ৭০৪

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়-এর বিভিন্ন  
প্রোগ্রামের ভর্তির তথ্যের জন্য বাউবির  
ওয়েবসাইট [www.bou.edu.bd](http://www.bou.edu.bd)

"বাউবির দীক্ষাঃ সবার জন্য উন্মুক্ত কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা"

"শিক্ষা নিয়ে গড়ব দেশ শেখ হাসিনার বাংলাদেশ"





২৩৬২  
২৫/৪/২৪